



বাংলাদেশ নির্বাচন কমিশন

নির্বাচন কমিশন সচিবালয়

নির্বাচন ভবন, আগারগাঁও, ঢাকা
www.ecs.gov.bd

নং-১৭.০০.০০০০.০২৯.৭০.১৬০.২৩ (৬ষ্ঠ খন্ড)-২৪১

তারিখ : ১৫ জ্যৈষ্ঠ ১৪৩১
২৯ মে ২০২৪


বিষয় : প্যাকেজ-২ (আনুষংগিক মালামাল) এর চুক্তিবদ্ধ প্রতিষ্ঠান M/S S.K Sarder Enterprise এর বিদ্যুৎ পণ্য সরবরাহে ব্যর্থতার দায়ে আইনানুগ ব্যবস্থা গ্রহণ সংক্রান্ত।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে নির্দেশিত হয়ে জানানো যাচ্ছে যে, ২০২৩-২০২৪ অর্থ বছরে নির্বাচন কমিশন সচিবালয়ের অফিসের কাজে ব্যবহারের জন্য প্যাকেজ-২ (আনুষংগিক মালামাল) Tender/Proposal ID: 894655 (Procurement of Other Ancillary Goods) এর মালামাল ক্রয়ের নিমিত্তে আপনার প্রতিষ্ঠান M/S S.K Sarder Enterprise এর সাথে সম্পাদিত চুক্তি (সরবরাহকৃত পণ্যের মূল্য ব্যতীত) বাতিল করা হয়েছে।

২। 1st Call off order-এর ২৫টি আইটেমের মালামাল সরবরাহ করতে অসমর্থতা প্রকাশ করায় আপনি চুক্তির মৌলিক শর্ত ভঙ্গ করেছেন যা পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০০৮ এর বিধি ১২৭ এর উপবিধি (২)(খ) অনুযায়ী “প্রতারণামূলক কার্য” অর্থে বিবেচিত হয়েছে। সম্পাদিত চুক্তি বাতিলের ফলে ক্রয়কারী দপ্তরের যে দাপ্তরিক ও আর্থিক ক্ষতি হয়েছে তার ক্ষতিপূরণ বাবদ GCC Clause 30.1 অনুযায়ী কেন সরবরাহকারী প্রতিষ্ঠানের সমুদয় কার্য সম্পাদন জামানত (Performance Security) আদায় করা হবে না এবং পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০০৮ এর বিধি ১২৭ এর উপবিধি (৩) ও (৪) অনুযায়ী সরবরাহকারী কর্তৃক “প্রতারণামূলক কার্যে” জড়িত হওয়ার ফলে আগামী ২ (দুই) বৎসরের জন্য M/S S.K Sarder Enterprise-কে নির্বাচন কমিশন সচিবালয় এবং সরকারি তহবিল দ্বারা সম্পাদিত অন্য সকল ক্রয়কারীর ক্রয় কার্যক্রমে অংশগ্রহণে কেন অযোগ্য ঘোষণা করা হবে না মর্মে ৭ (সাত) দিনের মধ্যে লিখিতভাবে ব্যাখ্যা প্রদানের জন্য বিগত ১৬-০৫-২০২৪ তারিখে নোটিশ জারী করা হয়।

৩। উক্ত নোটিশের জবাবে আপনি ১৯-০৫-২০২৪ তারিখে লিখিতভাবে যে ব্যাখ্যা প্রদান করেন তা কর্তৃপক্ষের নিকট গ্রহণযোগ্য বিবেচিত না হওয়ায় GCC Clause 30.1 অনুযায়ী ২৫% কার্য সম্পাদন জামানত (Performance Security) আদায়ের সিদ্ধান্ত গৃহীত হয় এবং পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০০৮ এর বিধি ১২৭ এর উপবিধি (৪) অনুযায়ী আগামী ১(এক) বৎসরের জন্য আপনার প্রতিষ্ঠানকে নির্বাচন কমিশন সচিবালয়ের ক্রয় কার্যক্রমে অংশগ্রহণে অযোগ্য ঘোষণা করা হলো।

৪। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এই পত্র জারী করা হ'ল।


(জাকির মাহুমুদ)

সহকারী সচিব (সেবা-২)

ফোনঃ ৫৫০০৭৫৩৯

ই-মেইল: ecs.seba@gmail.com

Sanjoy Kumar Sarder
Proprietor
M/S S.K Sarder Enterprise
12/Cha/2/1, Road # 2, Shaymoli
Sher-e-Bangla Nagor, Dhaka-1207.
Mobile # 01718-725801

নং-১৭.০০.০০০০.০২৯.৭০.১৬০.২৩ (৬ষ্ঠ খন্ড)-২৪১

তারিখ : ১৫ জ্যৈষ্ঠ ১৪৩১
২৯ মে ২০২৪

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১. প্রধান নির্বাহী কর্মকর্তা, বাংলাদেশ পাবলিক প্রকিউরমেন্ট অথরিটি, পরিকল্পনা মন্ত্রণালয়, শের-ই-বাংলা নগর, আগারগাঁও, ঢাকা;
২. মহাপরিচালক, জাতীয় পরিচয় নিবন্ধন অনুবিভাগ, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা;
৩. যুগ্মসচিব(সকল), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা;
৪. সিস্টেম ম্যানেজার, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (পত্রটি নির্বাচন কমিশন সচিবালয়ের web site-এ প্রকাশ করার অনুরোধসহ);
৫. উপসচিব(সকল), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা;
৬. সিস্টেম এনালিস্ট, বাংলাদেশ পাবলিক প্রকিউরমেন্ট অথরিটি, পরিকল্পনা মন্ত্রণালয়, শের-ই-বাংলা নগর, আগারগাঁও, ঢাকা (পত্রটি CPTU-এর web site-এ ক্রয়কার্যে অংশগ্রহণের সুযোগ হতে বঞ্চিত ব্যক্তিদের তালিকায় অন্তর্ভুক্ত করে প্রকাশ করার অনুরোধসহ);
৭. সিস্টেম এনালিস্ট (উপাত্ত ব্যবস্থাপনা অধিশাখা), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (e-GP সিস্টেমে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ);
৮. সচিব মহোদয়ের একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য);
৯. ডিপি ও হেড অব ব্রাঞ্চ, এনআরবি কমার্শিয়াল ব্যাংক লিঃ, শ্যামলী রিং রোড শাখা, ঢাকা;
১০. অতিরিক্ত সচিব মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (অতিরিক্ত সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।

(জাকির মাহুমুদ)

সহকারী সচিব (সেবা-২)